# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 07 July, 2025

ময়মনসিংহের গফরগাঁওয়ে ট্রাক ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও তিনজন। সোমবার (৭ জুলাই) দুপুরে উপজেলার পাগলা থানার পাঁচবাগ চৌকা গোলচত্বর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ সূত্রে জানা যায়, গফরগাঁওগামী মাছবোঝাই একটি ট্রাকের সঙ্গে বিপরীত দিক থেকে আসা একটি যাত্রীবাহী অটোরিকশার সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ইকবাল হোসেন (৫০) নামে এক ব্যবসায়ী মারা যান।তিনি বামুনখালী বটতলা বাজারের বাসিন্দা ছিলেন।গুরুতর আহত অবস্থায় হাসপাতালে নেওয়ার পথে অটোচালক ওয়াসিম (২৮) মারা যান।

দুর্ঘটনায় আহত আরও তিনজনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের অবস্থা আশঙ্কাজনক বলে চিকিৎসকরা জানিয়েছেন।

এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।দুর্ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হয়ে যান চলাচল স্বাভাবিক করে।ট্রাকটি জব্দ করা হলেও চালক পলাতক রয়েছে।

পুলিশ হাসপাতাল ট্রাক অটোরিকশা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 07:27

URL: https://timestodaybd.com/public/mymensingh/4388599033